


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪৪.০৮০.০০.০০.০০১.২০১৬ - ৩৬০

তারিখঃ ২৮.০৪.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিসিএস স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাদের সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে নিম্নবর্ণিত বিষয় সমূহের কর্মকর্তাদের তথ্য সম্বলিত খসড়া তালিকা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ে প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে (www.mohfw.gov.bd) প্রকাশ করা হলো। (File-1 এ্যনেসথেসিয়া), (File-2 কার্ডিওলজি), (File-3 ডেন্টাল ও ইএনটি), (File-4 গাইনী), (File-5 মেডিসিন), (File-6 চক্ষু), (File-7 অর্থো-সার্জারী), (File-8 শিশু), (File-9 প্যাথলজি ও রেডিওলজি), (File-10 রেসপেরিটরী মেডিসিন ও চর্ম ও যৌন) এবং (File-11 সার্জারী)। সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তালিকায় উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই করার জন্য অনুরোধ করা হলো। তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আগামী ০৮/০৫/২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। অন্যদিকে যাদের তথ্য যথাযথ রয়েছে তাদের যোগাযোগ করার প্রয়োজন নেই। উল্লেখ্য সিনিয়র কনসালটেন্ট পদে পদোন্নতির জন্য ১০ বৎসর সন্তোষজনক চাকুরিকাল, সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি চাকুরিতে স্থায়ীকরণ, সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ এবং ২০১০ হতে ২০১৪ সাল পর্যন্ত ৫ বৎসরের এসিআর আবশ্যিক। কোর্সে থাকা কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট সময়ের জন্য এসিআর এর পরিবর্তে পিআর (প্রোগ্রেস রিপোর্ট) দাখিল করতে হইবে।



(কাজী নূরুনাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯১২৮

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (তাকে তালিকাসহ বিজ্ঞপ্তিটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাকে পত্রটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করাসহ দেশের সকল সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অধ্যক্ষ/পরিচালক, ইনস্টিটিউট প্রধান, বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে ব্যাপক প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।